# ALL INDIA RADIO

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**24 FEBRUARY 2025** **7:35 AM**

==========================================================================

মহাকাশ গবেষণা ক্ষেত্র যুব প্রজন্মের প্রিয় বিষয় হয়ে উঠা এবং মহাকাশ বিজ্ঞানীদের দলে মহিলাদের অংশগ্রহণ বৃদ্ধি পাওয়ায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সন্তোষ প্রকাশ করেছেন । গতকাল আকাশবাণীর মন কি অনুষ্ঠানের ১১৯ তম পর্বে অংশ নিয়ে প্রধানমন্ত্রী শ্রী মোদী আগামী ৮ ই মার্চ আন্তর্জাতিক নারী দিবসের প্রসঙ্গ উল্লেখ করে বলেন যে এই দিনটি নারী শক্তিকে প্রণাম জানানোর একটি বিশেষ দিন । ভারতীয় সংস্কৃতিতে কন্যা সন্তানদের সম্মান জানানো অন্যতম পরম্পরা বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করেন ।

মন কি বাতের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী উত্তরাখন্ডে অনুষ্ঠিত জাতীয় ক্রীড়ার বিষয়ে উল্লেখ করে বলেন যে দেশের ১১ হাজারেরও বেশী খেলোয়াড় এই ক্রীড়া সমারোহে অপূর্ব ক্রীড়া শৈলী প্রদর্শন করেছেন । অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বন্যপ্রাণী সংরক্ষণ সহ দেশের অনুকূল পরিবেশের ওপর আলোকপাত করেন । প্রধানমন্ত্রী পরীক্ষার্থীদের মানসিক চাপমুক্ত হয়ে পরীক্ষায় অবতীর্ণ হওয়ার আহ্বান জানান ।

---

এডভান্টেজ আসামের দ্বিতীয় পর্বে অংশ নেওয়ার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দুদিনের সফরসূচী নিয়ে আজ গুয়াহাটীতে আসছেন । প্রধানমন্ত্রী ঝুমুর নৃত্যের অনুষ্ঠান উপভোগ করার পর এডভান্টেজ আসাম সম্মেলনের দুটি প্রদর্শনী পরিদর্শন করবেন । প্রধানমন্ত্রী শ্রী মোদী আগামীকাল এডভান্টেজ আসাম শীর্ষ সম্মেলনের মূল কার্যসূচীর সূচনা করবেন । এদিকে এই অনুষ্ঠানে অংশগ্রহণ করতে কেন্দ্রীয় বৈদেশিক পরিক্রমা মন্ত্রী ড: এস জয়শংকরের নেতৃত্বে বিভিন্ন দেশের রাষ্ট্রদূত ও উচ্চায়ক্তের এক প্রতিনিধি দল গতকাল রাতে গুয়াহাটীতে এসে পৌছেছেন । দলটি বিনিয়োগ সম্মেলনে অংশ গ্রহণের আগে আজ কাজিরাঙা জাতীয় উদ্যানে জীপ ও হাতী সাফারি করবে ।

---

রাজ্যের চা শিল্পের দুশ বছরের সমৃদ্ধ ঐতিহ্য উদযাপনের অঙ্গ হিসেবে আজ বিকেল চারটায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপস্থিতিতে গুয়াহাটীর সরুসাজাই ষ্টেডিয়ামে ঝুমুর বিনন্দিনী পরিবেশনের জন্য সব প্রস্তুতি সম্পূর্ন হয়েছে । গতকাল প্রস্তুতিপর্ব খতিয়ে দেখে মূখ্যমন্ত্রী ডক্টর শর্মা সাংবাদিকদের সংগে কথা বলতে গিয়ে জানান

**বাইট ----- ৩০ সেকেন্ড - মুখ্যমন্ত্রী**

উল্লেখ্য ঝুমুর বিনন্দিনী অনুষ্ঠানে অংশ নেওয়া প্রত্যেক শিল্পীকে ২৫ হাজার টাকা করে ও বিশেষজ্ঞ দলের প্রতিজন সদস্যকে ৩০ হাজার টাকা করে দেওয়া হবে । এছাড়া চা বাগানের মধ্যে সাংস্কৃতিক কার্যকলাপ প্রচারের জন্য সংঘ স্থাপন করার জন্য প্রতিটি চা বাগানকে ২৫ হাজার টাকা করে প্রদান করা হবে ।

---

হাইলাকান্দি জেলার ১৯ টি চা বাগানের সবকটিতেই আজ গুয়াহাটীর সরুসজাই ষ্টেডিয়ামে অনুষ্ঠেয় ঝুমুর বিনন্দিনী নৃত্যানুষ্ঠানের সরাসরি সম্প্রচার বড় পর্দায় দেখানো হবে । হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আজ বিকেল চারটে থেকে প্রজেক্টারের মাধ্যমে বড়পর্দায় বাগান শ্রমিকরা এই মেগা ইভেন্ট সরাসরি দেখতে পারবেন । এদিকে গতকাল জেলা আয়ুক্ত নির্সগ হিভারে গৌতম জেলার সব চক্র আধিকারীক সহ প্রশাসনের উচ্চপদস্থ আধিকারীকদের এই সরাসরি সম্প্রচার সুষ্ঠুভাবে সম্পন্ন করতে প্রয়োজনীয় নির্দেশ দিয়েছেন । উল্লেখ্য সরুসজাই ষ্টেডিয়ামে আয়োজিত ঝুমুর বিনন্দিনী অনুষ্ঠানে হালাকান্দি জেলার ৯৬ জন নৃত্যশিল্পী এবং ৫ জন মাস্টার ট্রেনার অংশগ্রহণ করছেন ।

---

সোনাই রাজস্ব চক্রের চক্র আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে সোনাই তহশিলের অর্ন্তগত বিভিন্ন গ্রামে আগামী ২৪ , ২৫ ও ২৮শে ফেব্রুয়ারী খাজনা আদায় শিবির অনুষ্ঠিত হবে । বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে আগামী ২৪শে ফেব্রুয়ারী সদাগ্রাম ও সপ্তগ্রামের রাজস্ব শিবির ধলাই বন বিভাগের কার্য্যলয়ে , লায়লাপুর বনগ্রামের শিবির ভাগা বাজার গ্রাম পঞ্চায়েত কার্য্যলয়ে ২৫শে ফেব্রুয়ারী এবং নগদিরগ্রাম ,নরসিংপুর পার্ট ওয়ান থেকে ফিফথ পর্য্যন্ত নরসিংপুর খন্ড উন্নয়ন কার্য্যলয়ে আগামী ২৮শে ফেব্রুয়ারী পর্য্যন্ত রাজস্ব শিবির অনুষ্ঠিত হবে ।

---

---